ঢাকা ওয়াসা

Name of the Work: Procurement of necessary working Tools for Store Division, Dhaka WASA.

অনুচ্ছেদ ১.০

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংযুক্ত ক্রমিকগুলি সদয় দেখা যেতে পারে। পাগলাস্থ ভাণ্ডার বিভাগ ঢাকা ওয়াসার একটি গুরুত্বপূর্ণ স্থাপনা। ঢাকা ওয়াসার বিভিন্ন প্রকল্প, বিভাগ, মড্‌স জোন, রাজস্ব জোন ও অফিসের সংগ্রহকৃত মালামাল ভাণ্ডার বিভাগে জমা প্রদান করা হয়। পরবর্তীতে ভাণ্ডার বিভাগ কর্তৃক উক্ত মালামালসমূহ মজুদ, সংরক্ষণ ও বিতরণ করা হয়ে থাকে। উক্ত মূল্যবান মালামালসমূহ বিভিন্ন সময়ে ঢাকা ওয়াসার বিভিন্ন প্রকল্প, বিভাগ, মড্‌স জোন, রাজস্ব জোন ও অফিসের উদ্ধর্তন কর্মকর্তাবৃন্দ ও পরামর্শক প্রতিষ্ঠানের দেশি/বিদেশি কর্মকর্তাবৃন্দ পরিদর্শন করে থাকেন। এছাড়াও বিভিন্ন বিভাগ/প্রকল্প কর্তৃক ব্যবহৃত পুরাতন ও নষ্ট এবং ব্যবহার অনুপযোগী মালামালগুলো এম. আর. এস. এর মাধ্যমে ভাণ্ডার বিভাগে জমা করা হয়। ভাণ্ডার কম্পাউন্ডের এলাকাটি অত্যন্ত উর্বর হওয়ায় অতি দ্রুত লতাপাতা ও ঘাস জন্মায়। যা প্রতিনিয়ত কেঁটে পরিস্কার করে রাখতে হয়। এসব কাজ সম্পাদনের লক্ষ্যে দাঁ, কাঁচি, ছেনি, কোদাল, কুড়াল, বেলচা, শাবল, হ্যান্ড গ্লাভস ইত্যাদি সংগ্রহ করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১

উপরোক্ত বর্ণনার আলোকে "Procurement of necessary working Tools for Store Division, Dhaka WASA" শীর্ষক কাজের জন্য একটি প্রাক্কলন (সংযুক্তি-৪) প্রস্তুত করা হ'ল। পূর্বানুমোদিত দর (সংযুক্তি-৩) ও বর্তমান বাজার দরের ভিত্তিতে প্রণীত প্রাক্কলনে মোট ব্যয়ের পরিমাণ হয়েছে ২৪,৬০০.০০ (চব্বিশ হাজার ছয়শত) টাকা মাত্র। আলোচ্য কাজটির ব্যয়ভার ভাণ্ডার বিভাগের চলতি ২০২৫-২৬ অর্থ বছরের সংশোধিত বাজেট বরাদ্দের অফিস রক্ষণাবেক্ষণ খাত (কোড: ০১-০২-০১২) হতে বহন করা হবে (সংযুক্তি-১)। কাজটি অতি জরুরি স্বল্পমূল্যের বিধায় পিপিআর-২০২৫ এর ~~৮১(১)~~ ১০০(১) বিধি মোতাবেক সরাসরি ক্রয়ের মাধ্যমে সম্পাদন করা যেতে পারে। উক্ত টাকা অস্থায়ী অগ্রিম হিসেবে গ্রহণ করা হবে এবং কাজ শেষে ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

সংযুক্তি-১	ভাণ্ডার বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের সংশোধিত বাজেট বরাদ্দের কপি।
সংযুক্তি-২	পরিস্কার পরিচ্ছন্নতা রাখার জন্য দ্রাব্যাদি চাহিয়া স্টাফদের তরফ হতে প্রাপ্ত পত্র।
সংযুক্তি-৩	পূর্বানুমোদিত দর।
সংযুক্তি-৪	প্রাক্কলন।
সংযুক্তি-৫	প্রতিবেদন।

অনুচ্ছেদ ১.২

এমতাবস্থায়, "Procurement of necessary working Tools for Store Division, Dhaka WASA." শীর্ষক কাজটি পিপিআর-২০২৫ এর ~~৮১(১)~~ ১০০(১) বিধি মোতাবেক সরাসরি ক্রয়ের মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে উপস্থাপিত সর্বমোট ২৪,৬০০.০০ (চব্বিশ হাজার ছয়শত) টাকা মাত্র প্রাক্কলনটি অনুমোদন করা যেতে পারে। Sub-Delegation of Financial Power অনুযায়ী বর্ণিত কাজের প্রাক্কলনটি প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের আওতাধীন। সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ'ল।

প্রা:-২২০
১৫/৪/২৬

Rahim
15/04/26
গোলাম রাহিম
উপ-সহকারী প্রকৌশলী
ভান্ডার বিভাগ, ঢাকা ওয়াসা।

AE
15/04/26
PAUL SARKER
Assistant Engineer
Store Division, Dhaka WASA

EE
15.04.26
মোঃ আব্দুল হান্নান
নির্বাহী প্রকৌশলী
ভান্ডার বিভাগ ঢাকা ওয়াসা।

SE, SMWC Circle

16/04/26
মোহাম্মদ হুমায়ুন কবীর
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃ দাঃ)
এস.এম.ডব্লিউ.সি সার্কেল
ঢাকা ওয়াসা।

CE

১.৮ প্রস্তাব অনুমোদিত,

16/04/26

EE

SE, SMWC Circle
মোহাম্মদ হুমায়ুন কবীর
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃ দাঃ)
এস.এম.ডব্লিউ.সি সার্কেল
ঢাকা ওয়াসা।